ফর্ম নং - ১
[৫(১)নিয়ম দ্রষ্টব্য]

ঘোড়ামারা গ্রাম পঞ্চায়েত

(বিশেষ লোক মারফৎ প্রেরিত)

মাডপয়েন্ট * সাগর * দ:২৪পরগণা

নোটিশ নং: ৩২৯/ ঘোড়ামারা

তারিখ: ২১/১১/২০২৫

গ্রাম সভা ২০২৫ এর নোটিশ

সম্মানাস্পদেষু,

গ্রাম পঞ্চায়েত আইন ১৯৭৩ এর ধারা ১৬ খ বিধানমতে নিম্নলিখিত আলোচ্য বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য ঘোড়ামারা গ্রাম পঞ্চায়েতের গ্রাম সভা ২০২৫ আগামী ইংরাজী ১৩ ডিসেম্বর, শনিবার ঘোড়ামারা নতুন বাজার সংলগ্ন মাঠে সারাদিন ব্যাপী নানা ধরণের কর্মসূচি পালনের মধ্যে দিয়ে অনুষ্ঠিত হবে।

গ্রাম সভার আলোচ্য বিষয়:

(১) গত ২০২৪-২৫ অর্থবর্ষের গ্রাম পঞ্চায়েতের বার্ষিক আর্থিক পরিসংখ্যান (ফর্ম ২৭ অনুযায়ী) পেশ; (২) গত ২০২৪-২৫ অর্থবর্ষে গ্রাম পঞ্চায়েত কর্তৃক রূপায়িত প্রকল্পের পরিসংখ্যান ও **ESMF** রিপোর্ট সহ বিভিন্ন প্রকল্পের সুফল ভোগীদের নামের তালিকা পেশ; (৩) চলতি ২০২৫-২৬ অর্থবর্ষে এযাবৎ গ্রাম পঞ্চায়েত কর্তৃক রূপায়িত কাজের পরিসংখ্যান পেশ, (৪) আগামী ২০২৬-২৭ অর্থবর্ষের সমন্বিত খসড়া বাজেট -পরিকল্পনা পাঠ, পর্যালোচনা ও অনুমোদন; (৫) প্রাপ্ত সর্বশেষ অডিট রিপোর্ট পাঠ ও পর্যালোচনা; (৬) বকেয়া পঞ্চায়েত কর ও অ-কর আদায় সম্পর্কিত আলোচনা; (৭) বাল্য বিবাহ, স্কুল ছুট প্রভৃতি সামাজিক সমস্যা সংক্রান্ত আলোচনা।

গ্রাম সভার অধিবেশনে যথা সময়ে উপস্থিত থেকে আলোচ্য বিষয়ের উপর গঠনমূলক আলোচনা করার জন্য গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে আহ্বান জানানো হচ্ছে।

নমস্কারান্তে,

তাং: ২১/১১/২০২৫

আম্বিয়া খাতুন বিবি
প্রধান, ঘোড়ামারা গ্রাম পঞ্চায়েত

বি:দ্র:-

১. কোরামের অভাবে গ্রাম সভার অধিবেশন মুলতবি হলে প:বঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ এর ১৬ খ(৩) নং ধারা অনুযায়ী পুনরায় এই গ্রাম সভার অধিবেশন অনুষ্ঠিত হবে।

২. যদি গ্রাম সভার কোন সদস্য গ্রাম সভা বিষয়ক কোন প্রস্তাব/ পরামর্শ জানাতে চায়, তাহলে তা লিখিত আকারে পঞ্চায়েত প্রধানের নিকট আগামী ৮ ডিসেম্বর ২০২৫ বেলা ১.০০ টার মধ্যে মধ্যে জমা দিতে হবে। তবে এই প্রস্তাব/ পরামর্শ কেবলমাত্র সার্বিক উন্নয়ন মূলক বিষয়েই হতে হবে; ব্যক্তিগত বিষয়ে কোন অভিযোগ করা যাবে না।

গ্রাম সভায় হলে সকলের অংশগ্রহণ / তবেই হবে প্রকৃত গ্রামোন্নয়ন